



BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

"Made in Bangladesh with Pride"

BGMEA Complex, House # 7/7A, Block # H 1, Sector 17, Uttara, Dhaka-1230, Tel.: 09638012345

Ref:

সম্মানিত সকল সদস্যের জন্য

সার্কুলার নং: বিজিএ/কাস/২০২০/ ১৭৮

তারিখ: ১০/১২/২০২০ইং

বিষয়: ফ্রেইট ফরওয়ার্ডার/শিপিং লাইন কর্তৃক অতিরিক্ত চার্জ আদায়ের তথ্য প্রদান প্রসঙ্গে।

সম্মানিত সদস্যগণের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে সম্প্রতি কিছু কিছু ফ্রেইট ফরওয়ার্ডার/শিপিং লাইন পোশাক শিল্প প্রতিষ্ঠান সমূহের নিকট থেকে নিয়ম বর্হিতভাবে অতিরিক্ত চার্জ আদায় করছে মর্মে অভিযোগ পাওয়া যাচ্ছে।

পোশাক শিল্পের আমদানি-রপ্তানি সংশ্লিষ্ট কার্যক্রমে ফ্রেইট ফরওয়ার্ডার/শিপিং লাইন কর্তৃক চার্জ আদায়ের বিষয়ে- জাতীয় রাজস্ব বোর্ডের ফ্রেইট ফরওয়ার্ডার্স (লাইসেন্সিং ও কার্য-পরিচালনা) বিধিমালা-২০০৮ এর ২০ নং অনুচ্ছেদের ০৩ নং উপ-অনুচ্ছেদ অনুযায়ী “পণ্য ডেলিভারি প্রদানের ক্ষেত্রে, আমদানিকারকের ট্রান্সপোর্ট ডকুমেন্টে কোন চালান ডেলিভারি স্থানের কন্টেইনার ইয়ার্ড (সিওয়াই) অথবা সিএফএস বা কোন স্থান পর্যন্ত “Freight Prepaid” লেখা থাকিলে, উক্ত স্থান পর্যন্ত নিজ খরচে চুক্তিকারী ক্যারিয়ার বা তাহার পক্ষে নিয়োগকৃত ফ্রেইট ফরওয়ার্ডিং এজেন্ট পণ্য আনয়নপূর্বক ট্রান্সপোর্ট ডকুমেন্টের শর্তানুসারে পণ্য চালান ডেলিভারি প্রদান করিবে।” এবং

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের সার্কুলার নং ০৩/০৭ তাং ১৬/০৫/২০০৭ মোতাবেক “ফ্রেইট প্রি-পেইড কার্গোর ক্ষেত্রে সকল চার্জই ফ্রেইটের মধ্যে অন্তর্ভুক্ত থাকবে এবং আমদানি-রপ্তানিকারকগণ এ সংক্রান্ত কোন ধরনের চার্জ প্রদান করবে না মর্মে নির্দেশনা রয়েছে।”

অতএব অতিরিক্ত চার্জ আদায় বন্ধের লক্ষ্যে বিজিএমইএ কর্তৃক জাতীয় রাজস্ব বোর্ড ও চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ সহ সংশ্লিষ্ট দপ্তরের সাথে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অতিরিক্ত চার্জ আদায়ের দলিলাদি সমূহ বিজিএমইএ'র চট্টগ্রাম কার্যালয়ের ইমেইল- info@bgmeactg.org-তে আগামী ২০ ডিসেম্বর, ২০২০ এর মধ্যে প্রেরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

কমডোর মোহাম্মদ আবদুর রাজ্জাক (অবঃ)

এনইউপি, এনডিসি, পিএসসি, এমফিল

সচিব